গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

সুরক্ষা সেবা বিভাগ

আইসিটি সেল

সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের ইনোভেশন টিমের ২০২২-২৩ অর্থবছরের ৪র্থ সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ইসরাত চৌধুরী<br>অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার, সুরক্ষা সেবা বিভাগ |
| সভার তারিখ | ১৪ মে ২০২৩ |
| সভার সময় | বেলা ১১.০০ টা |
| স্থান | সভাপতির অফিস কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি মোতাবেক বিষয়সমূহ উপস্থাপনের জন্য সুরক্ষা সেবা বিভাগের ইনোভেশন টিমের সদস্য-সচিব ও উপসচিব, প্রশাসন-৩ কে অনুরোধ জানান। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**১.০ আলোচ্য বিষয় : ২০২২-২০২৩ অর্থবছরের জন্য সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের অগ্রগতি;**

**১.১ আলোচনা :** এ বিভাগের ইনোভেশন টিমের সদস্য-সচিব সভাকে অবহিত করেন, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও আওতাধীন অধিদপ্তরসমূহের ২০২২-২০২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ১.১.১ কর্মসম্পাদন সূচক অনুযায়ী ৪ মে ২০২৩ তারিখের মধ্যে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে। সদস্য-সচিব সুরক্ষা সেবা বিভাগ ও এর আওতাধীন অধিদপ্তরসমূহের ন্যূনতম একটি উদ্ভাবনী ধারনা বাস্তবায়নের চিত্র উপস্থাপন করেনঃ

| বিভাগ/অধিদপ্তর | উদ্ভাবনী ধারনার নাম | বাস্তবায়নের তারিখ |
|---|---|---|
| **সুরক্ষা সেবা বিভাগ** | অনলাইনে দ্বৈত নাগরিকত্বের সনদপত্রের জন্য আবেদন গ্রহণ, নিরাপত্তা প্রতিবেদন সংগ্রহ, প্রক্রিয়াকরণ এবং ডিজিটাল (QR কোড সংবলিত) সনদপত্র প্রদান; | ২৭ এপ্রিল ২০২৩ |
| **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর** | ঝুঁকিপূর্ণ প্রতিষ্ঠানগুলোতে IRS (Instant Response System) স্থাপন; | ৩০ এপ্রিল ২০২৩ |
| **বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর** | ই-পাসপোর্ট আবেদনের Basic Checks Clearance এর ক্ষেত্রে Artificial Intelligence (AI) সংযোজন; | ১০ জানুয়ারি ২০২৩ |
| **কারা অধিদপ্তর** | বন্দি উৎপাদিত পণ্যের প্রসারের লক্ষ্যে E- Commerce System চালুকরণ; | ০৩ মে ২০২৩ |
| **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর** | Live Operation Visible Execution App চালুকরণ। | ০২ মে ২০২৩ |

সভায় উপস্থিত সদস্যবৃন্দ উদ্ভাবনী ধারণাসমূহ ব্যবহারকারীদের অবগতির জন্য প্রচারণা করার ব্যাপারে আলোচনা করেন। সভাপতি উদ্ভাবনী ধারণাসমূহ বাস্তবায়ন এবং প্রচারণা ক্ষেত্রে সুরক্ষা সেবা বিভাগের কোন সহযোগীতার প্রয়োজন হলে তা

অবহিত করার জন্য আহ্বান জানান।

**১.২ সিদ্ধান্ত :**

(ক) সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহ কর্তৃক স্ব স্ব অফিসের উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের প্রমাণক ( যেমনঃ ফিস আদেশ/বিজ্ঞপ্তি/নোটিশ, প্রসেস ম্যাপ, টিসিভি বিশ্লেষণ তৈরি) সংরক্ষণ করতে হবে;

(খ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর তাদের উদ্ভাবনী ধারণা আনুষ্ঠানিকভাবে উদ্বোধনের ব্যবস্থা গ্রহণ করবে।

**২.০ আলোচ্য বিষয় : ২০২২-২০২৩ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনায় অন্যান্য অসমাপ্ত কর্মসম্পাদন সূচক বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ;**

**২.১ আলোচনা :** সভায় সদস্য-সচিব সভাকে অবহিত করেন, সুরক্ষা সেবা বিভাগের উদ্ভাবনী কর্মপরিকল্পনার ৪র্থ শিল্প বিপ্লব সম্পর্কিত একটি কর্মশালা আয়োজন এবং উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের কার্যক্রম এখনো বাস্তবায়ন হয়নি। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রতিনিধি সভায় জানান, ৪র্থ শিল্প বিপ্লব সম্পর্কিত একটি কর্মশালা আয়োজন করা হয়নি। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এবং কারা অধিদপ্তর কর্তৃক ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়নের ১ (এক)টি করে প্রশিক্ষণ আয়োজন করা হয়নি মর্মে স্ব স্ব অফিসের প্রতিনিধি সভায় উপস্থিত সদস্যবৃন্দকে অবহিত করেন। অধিদপ্তরসমূহের প্রতিনিধিরা সভায় জানান, অধিদপ্তরসমূহের প্রধান কার্যালয় এবং মাঠ পর্যায়ের তথ্য বাতায়নসমূহ নিয়মিত হালনাগাদ করা হচ্ছে এবং নিয়মিত হালনাগাদকরণ অব্যাহত রাখা হবে। সভায় উপস্থিত সদস্যবৃন্দ তথ্য বাতায়ন হালনাগাদকরণের ক্ষেত্রে যোগাযোগের জন্য কর্মকর্তার তালিকায় সঠিক/চলমান নম্বরসহ অন্যান্য সংশ্লিষ্ট বিষয়ে পূর্ণাঙ্গ তথ্য হালনাগাদকরণের জন্য মতামত দেন। এছাড়াও সদস্য-সচিব সভাকে অবহিত করেন, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর ব্যতিত অন্যান্য অধিদপ্তর হতে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালুকরণ সংক্রান্ত প্রত্যায়ন পাওয়া যায়নি। সভাপতি ইনোভেশন খাতে স্ব স্ব অফিসের বরাদ্দকৃত অর্থ লক্ষ্যমাত্রা অনুযায়ী বিধি মোতাবেক খরচ করাসহ অন্যান্য অসম্পন্ন কার্যক্রম জুন-২০২৩ মাসের ১৫ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য আহ্বান জানান।

**২.২ সিদ্ধান্ত :**

(ক) সুরক্ষা সেবা বিভাগ ৪র্থ শিল্প বিপ্লব সম্পর্কিত একটি কর্মশালা আয়োজন এবং উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করবে;

(খ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কারা অধিদপ্তর ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ১৫ মে ২০২৩ তারিখের মধ্যে স্ব স্ব অফিসের ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালুকরণ সংক্রান্ত প্রত্যায়ন সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করবে;

(গ) যে সকল কর্মশালা ও প্রশিক্ষণ এখনো বাস্তবায়ন করা হয়নি তা আগামী ১৫ জুন ২০২৩ তারিখের মধ্যে বাস্তবায়ন করতে হবে;

(ঘ) ইনোভেশন খাতে স্ব স্ব অফিসের বরাদ্দকৃত অর্থ লক্ষ্যমাত্রা অনুযায়ী বিধি মোতাবেক আগামী ১৫ জুন ২০২৩ তারিখের খরচ করতে হবে।

সভাপতি সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ইসরাত চৌধুরী

অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার,
সুরক্ষা সেবা বিভাগ

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৩১.০০৬.১৭.১১৭ তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩০
০৩ জুন ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
২) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
৩) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ
৪) উপসচিব, প্রশাসন-১ শাখা ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
৫) উপসচিব, কারা-১ শাখা ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
৬) প্রোগ্রামার, আইসিটি সেল ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
৭) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

মোঃ আমিন আল পারভেজ
উপসচিব